

যুগান্তর

বেরোবির দুই শিক্ষক শর্ত গোপন করে পিএইচডিতে ভর্তি

👤 রংপুর ব্যুরো

🕒 ০৯ মার্চ ২০২৪, ২২:৩৪:২২ | [অনলাইন সংস্করণ](#)



রংপুরের বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের (বেরোবি) দুই শিক্ষকের বিরুদ্ধে শর্ত গোপন করে পিএইচডি কোর্সে ভর্তির অভিযোগ উঠেছে। তারা হলেন ভূগোল ও পরিবেশ বিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক আতিউর রহমান ও সুবর্ণ চন্দ্র সরকার।

জানা গেছে, ২০২০-২১ শিক্ষাবর্ষে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে পূর্ণকালীন পিএইচডি কোর্সে ভর্তি হয়েছেন অধ্যাপক আতিউর রহমান ও সুবর্ণ চন্দ্র সরকার। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে পূর্ণকালীন পিএইচডি প্রোগ্রামে ভর্তির জন্য গবেষক চাকরিরত হলে তাকে শিক্ষাছুটি নিয়ে গবেষণা কার্যক্রম সম্পন্ন করতে হবে। ভর্তির সময় ওই দুই শিক্ষকের আবেদনপত্রের সঙ্গে উপাচার্যের অনুমোদনক্রমে স্বাক্ষরিত অনুমতিপত্রে পরবর্তীতে অধ্যয়ন ছুটি প্রদান করা হবে মর্মে উল্লেখ রয়েছে।

তারা এ শর্ত গোপন করে ভর্তির পর এক বছরেরও বেশি সময় অতিবাহিত করেছেন। কিন্তু কোনো শিক্ষাছুটি নেননি। তাদের শিক্ষাছুটির বিষয়ে বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের কাছে জানতে চেয়ে সম্প্রতি চিঠি দিয়েছে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়। এদিকে ছুটি না নিয়ে জাহাঙ্গীরনগর

বিশ্ববিদ্যালয়ে পিএইচডি কোর্স চলা অবস্থায় দুই শিক্ষক নিয়মিত একাডেমিক কার্যক্রমের বিপরীতে পারিতোষিক নিচ্ছেন বলে বিভাগের শিক্ষকরা অভিযোগ করেছেন। এছাড়া বিভাগের অন্যান্য আর্থিক সুবিধাও তারা নিচ্ছেন।

আতিউর রহমান এ বিষয়ে বলেন, আমরা ছুটির আবেদন জমা দিয়েছি। তারপর পিএইচডিতে ভর্তি হয়েছি। ছুটির ব্যাপারটা আমাদের সুপারভাইজার ও জাবি কর্তৃপক্ষ বুঝবে।

সুবর্ণ চন্দ্র সরকার বলেন, শর্ত পূরণ না হলে তো আমি ভর্তি হতে পারতাম না। গতকাল আমাদের শিক্ষাছুটি বিষয়ে মিটিং হয়েছে। আশা করি আমাদের ছুটি মঞ্জুর হয়ে যাবে।

বেরোবি রেজিস্ট্রার প্রকৌশলী মোহাম্মদ আলমগীর চৌধুরী বলেন, এ ব্যাপারে ব্যবস্থা নেওয়া হচ্ছে।

সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৩০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

Developed by [The Daily Jugantor](#) © 2024

